মুজিবনগরে প্রধানমন্ত্রীর উপহার হিসাবে ৬ জন ভূমিহীন ও গৃহহীন পরিবার পেল গৃহ ও জমি

মুজিববর্ষে দেশের একজনও ভূমিহীন ও গৃহহীন থাকবে না প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র ঘোষণাযায়ী বৃহস্পতিবার সকালে দেশব্যাপী ভূমিহীন ও গৃহহীন পরিবারের কাছে নব নির্মিত দুই কক্ষ বিশিষ্ট সেমি পাকা ঘরের চাবি ও জমির দলিল হস্তান্তর করা হয়েছে।

প্রধানমন্ত্রী গণভবন থেকে ভার্চুয়ালি এ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ভূমিহীন ও গৃহহীন পরিবারের উন্নত জীবন গঠনে এবং বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে সোনার বাংলা গড়তে দেশে কোন ঠিকানা বিহীন বা গৃহহীন মানুষ থাকবে না বলে যে ঘোষনা দিয়েছিলেন। এই কার্যক্রমের অংশ হিসেবে মুজিবনগর উপজেলা প্রশাসন তৃতীয় পর্যায়ে ৬ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারের বসবাসের জন্য জমির দলিল ও নতূন ঘরের চাবি তুলে দিয়েছেন।

ঘরের দলিল হস্তান্তর উপলক্ষে,উপজেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে, উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে,প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মনসুর আলী খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল)অপু সরোয়ার,মুজিবনগর থানা ইনচার্য ওসি মেহেদি রাসেল,উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তকিম হক খোকন কমান্ডার সহ উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারি বৃন্দ মুক্তিযোদ্ধা,আওয়ামীলীগ সহ অংগসংগঠনের নেতৃবৃন্দ,সাংবাদিক ও সুধিবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় শেখ হাসিনার উপহার হিসাবে ঘর পাচ্ছেন ভূমিহীন ৫৩ পরিবার

দামুড়হুদায় দ্বিতীয় ধাপে তৃতীয় পর্যায়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসাবে ঘর পাচ্ছেন ভূমি ও গৃহহীন ৫৩ পরিবার।

বুধবার বিকাল ৪ টায় দামুড়হুদা উপজেলার হল রুমে নির্বাহী অফিসার সানজিদা বেগম প্রেস ব্রিফিংয়ের মাধ্যমে সাংবাদিকদের জানায়।

আগামীকাল বৃহস্পতিবার সকাল ১০টায় সারা বাংলাদেশে একযোগে ২৬২২৯ টি ভৃমি ও গৃহহীন পরিবারকে আনুষ্ঠানিকভাবে দুই শতক জমির দলিলসহ এই ঘরের চাবি ভৃমিহীন পরিবারকে দেয়া হবে। বিষয়টি সংবাদ সম্নেলনে নিশ্চিত করেছেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম।

আরও পড়ুন মুজিবনগরে আবারো প্রধানমন্ত্রীর উপহারের ঘর পাচ্ছেন ৬ পরিবার

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার ঘর পাচ্ছেন দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের জুড়ানপুর গ্রামের ২ পরিবার, একই ইউনিয়নের লক্ষীপুর গ্রামের ৮পরিবার, নতিপোতা ইউনিয়নের হেমায়েতপুর গ্রামের ৭টি পরিবার, কার্পাসডাঙ্গা ইউনিয়নের কার্পাসডাঙ্গা গ্রামের ২১টি পরিবার,পারকৃষ্নপুর মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের ১০ পরিবার, হাউলী ইউনিয়নের দর্শনা রেলগেট সংলগ্ন ২টি পরিবার ও নাটুদহ ইউনিয়নের চারুলিয়া গ্রামের ৩টি ভৃমিহীন পরিবার। সর্বমোট ৫৩টি পরিবার পাচ্ছেন প্রধানমন্ত্রীর উপহার।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন দামুড়হুদা ভূমি এসিল্যান্ড সু দীপ্ত সিংহ দামুড়হুদা প্রেস ক্লাবের সাধারন সম্পাদক বকুল আহম্মেদ, কালের কন্ঠের উপজেলা প্রতিনিধি হাবিবুর রহমান হবি, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সহ সভাপতি মোজাম্মেল হক, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন, যায়যায়দিনের দামুড়হুদা প্রতিনিধি হাসমত আলী, মিরাজুল ইসলাম মিরাজ।

মুজিবনগর উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত করার লক্ষ্যে আলোচনা সভা

মুজিবনগর উপজেলার ভূমিহীন ও গৃহহীন পরিবার খুঁজে তাদেরকে ভূমি এবং গৃহ প্রদানের মাধ্যমে, ভূমিহীন ও গৃহহীন উপজেলা হিসেবে ঘোষণা করার লক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে মুজিবনগর উপজেলা পরিষদ অডিটোরিয়াম এ আলোচনা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস।

আরও পড়ুন গাংনীতে প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ নিয়ে মহিলা সমাবেশ অনুষ্ঠিত

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের অন্যতম সদস্য রফিকুল ইসলাম তোতা, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব, বাগোয়ান ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আয়ূ্ব হোসেন, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ এস এম মাহবুব আলম রবি। এছাড়া উপস্থিত ছিলেন উপজেলার ৪ ইউনিয়নের ওয়ার্ড সদস্য সদস্যাবৃন্দ।

আরও পড়ুন পাসপোর্টের সূচকে পাঁচ ধাপ এগিয়েছে বাংলাদেশ

আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার বলেন, আগামী ১৪ জানুয়ারি হতে ১৮ জানুয়ারি পর্যন্ত উপজেলার গৃহহীন ও ভূমিহীন পরিবারের আবেদন গ্রহণ করা হবে। সরকারি পরিপত্র অনুযায়ী সঠিক তদন্তের মাধ্যমে ভূমিহীন ও গৃহহীন পরিবার বাছাই পূর্বক তাদেরকে গৃহ ও ভূমি প্রদান করা হবে। গৃহহীন, ভূমিহীন পরিবার বাছাইয়ের

জন্য তিনি জনপ্রতিনিধি, সাংবাদিক ও উপজেলা বিশিষ্ট জনদের কাছে সহযোগিতা কামনা করেন।

তিনি আরো বলেন, মুজিবশতবর্ষ কেউ গৃহহীন ও ভূমিহীন থাকবে না, প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই ঘোষণা অনুযায়ী আগামী ২০২২ সালের জুন-জুলাইয়ের মধ্যে মুজিবনগর উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন উপজেলা হিসেবে বাস্তবায়ন করা হবে।